প্রথম আলো

তারিখ 05 OCT 2017 পৃষ্ঠা ৬ কলাম ৬

এমবিসিএস ভর্তি পরীক্ষা

# দ্বিতীয়বারের পরীক্ষার্থীদের ৫ নম্বর কাটার সিদ্ধান্ত বহাল

নিজস্ব প্রতিবেদক ●

২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস-বিডিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ৫ নম্বর কাটার সিদ্ধান্ত বহাল থাকছে। এই সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করেছিলেন চেম্বার বিচারপতি। চেম্বার বিচারপতির দেওয়া স্থগিতাদেশ চলমান থাকবে জানিয়ে রাষ্ট্রপক্ষের করা আবেদন গতকাল বুধবার নিষ্পত্তি করে দিয়েছেন আপিল বিভাগ। দায়িত্বরত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বাধীন পাঁচ সদস্যের আপিল বিভাগ বেঞ্চ এ আদেশ দেন।

আদালত বলেছেন, স্থগিতাদেশ চলমান থাকবে, আবেদন নিষ্পত্তি করা হলো। এর ফলে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ৫ নম্বর কাটায় আইনগত কোনো বাধা নেই বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।